# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৩৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪৭. ঈদের সালাতে নারীদের অংশগ্রহণ

## باب خُرُوجِ النِّسَاءِ فِي الْعِيدِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، ـ يَعْنِي الطَّيَالِسِيَّ ـ وَمُسْلِمٌ قَالاَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ عُثْمَانَ، حَدَّثَنِي إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَطِيَّةَ، عَنْ جَدَّتِهِ أُمِّ عَطِيَّةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لَمَّا قَدِمَ الْمَدِينَةَ جَمَعَ نِسَاءَ الأَنْصَارِ فِي بَيْتٍ فَأَرْسَلَ إِلَيْنَا عُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَامَ عَلَى الْبَابِ فَسَلَّمَ عَلَيْنَا فَرَدَدْنَا عَلَيْهِ السَّلاَمَ ثُمَّ قَالَ أَنَا رَسُولُ رَسُولِ اللَّهِ صلي الله عليه وسلم إِلَيْكُنَّ . وَأَمَرَنَا بِالْعِيدَيْنِ أَنْ نُخْرِجَ فِيهِمَا الْحُيَّضَ وَالْعُتَّقَ وَلاَ جُمُعَةَ عَلَيْنَا وَنَهَانَا عَنِ اتِّبَاعِ الْجَنَائِزِ .

ـ ضعيف

বাংলা

১১৩৯। ইসমাইল ইবনু ’আবদুর রহমান ইবনু ’আত্বিয়্যাহ (রহঃ) হতে তার দাদী উম্মু ’আত্বিয়্যাহ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় আগমন করে আনসার মহিলাদেরকে একটি ঘরে সমবেত করে ’উমার ইবনুল খাত্তাবকে আমাদের নিকট প্রেরণ করলেন। ’উমার (রাঃ) এসে দরজায় দাঁড়িয়ে আমাদেরকে সালাম জানালে আমরা তার সালামের উত্তর দেই। ’উমার বলেন, আমি আপনাদের নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সংবাদবাহক হিসেবে এসেছি। অতঃপর তিনি আমাদের ঋতুবতী ও কুমারী মেয়েদের দুই ঈদের সালাতে অংশগ্রহণের আদেশ দেন, মহিলাদের জন্য জুমু’আহ বাধ্যতামূলক নয় বলে জানান এবং আমাদেরকে জানাযার সালাতে অংশগ্রহণে নিষেধ করেন।[1]

দুর্বল।

## English

Umm 'Atiyyah said:
When the Messenger of Allah (ﷺ) came to Medina, he gathered the women of Ansar in a house, and sent to us (to them) 'Umar b. al-Khattab. He stood at the door and gave the salutation to us and we returned it (the salutation) to him. Thereupon, he said: I am the messenger of the Messenger of Allah (ﷺ) to you. He commanded us to bring out the menstruating women and the virgins for both the 'Id prayers, and that the Friday prayer is not obligatory on us. He prohibited us to accompany the funeral procession.

## ফুটনোট

[1] আহমাদ (৫/৮৫), ইবনু খুযাইমাহ (হাঃ ১৭২২, ১৭২৩) সকলে ইসহাক ইবনু ‘উসমান আল-কালাবী হতে আবূ ইয়াকূব সূত্রে। হাফিয ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেনঃ ইসহাক ইবনু ‘উসমান আল-কালাবী সত্যবাদী । আর ইসমাঈল ইবনু ‘আবদুর রহমান ইবনু ‘আত্বিয়্যাহ মাকবুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58457

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন